গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার সদর দপ্তর
বিচারপতি সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

নং-১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০৩.১৭.৯৮২ তারিখ: ২৭/৯/২০১৭

বিষয়: বাংলাদেশ ও দক্ষিণ আফ্রিকা জাতীয় ক্রিকেট দলের মধ্যে অনুষ্ঠেয় ক্রিকেট সিরিজের ম্যাচসমূহের চলতি ধারাবিবরণী সরাসরি সম্প্রচার।

আগামী ২৮ সেপ্টেম্বর থেকে ২৯ অক্টোবর ২০১৭ পর্যন্ত বাংলাদেশ ও দক্ষিণ আফ্রিকা জাতীয় ক্রিকেট দলের মধ্যে দক্ষিণ আফ্রিকার বিভিন্ন ভেন্যুতে ০২ টি টেস্ট ম্যাচ, ০৩ টি একদিনের আন্তর্জাতিক ম্যাচ ও ০২ টি টি-টুয়েন্টি ম্যাচ অনুষ্ঠিত হবে। উক্ত ম্যাচসমূহের চলতি ধারাবিবরণী বাংলাদেশ বেতার থেকে নিম্নবর্ণিত তারিখ, সময় ও ফ্রিকোয়েন্সি অনুযায়ী টিভি মনিটর দেখে সরাসরি সম্প্রচার/রীলে হবে।

তারিখ	সময়	ম্যাচ ও ভেন্যু	কেন্দ্র/ইউনিট/ফ্রিকোয়েন্সি
২৮/০৯/২০১৭ থেকে ০২/১০/২০১৭	বেলা ২টা থেকে খেলা চলাকালীন	১ম টেস্ট পচেফস্ট্রুম	বাণিজ্যিক কার্যক্রম, বাংলাদেশ বেতার এফ.এম. ১০৪.০ মে.হা., ট্রাফিক সম্প্রচার কার্যক্রম এফ.এম. ৮৮.৮ মে.হা., বাংলাদেশ বেতার চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর ও সিলেট ৮৮.৮ মে.হা., বরিশাল ১০৫.২ মে.হা., ঠাকুরগাঁও ৯২.০ মে.হা., বান্দরবান ১০৪.০ মে.হা., কক্সবাজার এফ.এম ১০০.৮ মে.হা., নওয়াপাড়া, যশোর ১০০.৮ মে.হা.
০৬/১০/২০১৭ থেকে ১০/১০/২০১৭	বেলা ২টা থেকে খেলা চলাকালীন	২য় টেস্ট ব্লুমফনটেইন	ঐ
১৫/১০/২০১৭	বেলা ২টা থেকে খেলা চলাকালীন	১ম ওডিআই কিম্বার্লি	বাণিজ্যিক কার্যক্রম, বাংলাদেশ বেতার মধ্যম তরঙ্গ ৬৩০ কি. হা. এফ.এম. ১০৪.০ মে.হা., ট্রাফিক সম্প্রচার কার্যক্রম এফ.এম. ৮৮.৮ মে.হা., বাংলাদেশ বেতার চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর ও সিলেট ৮৮.৮ মে.হা., বরিশাল ১০৫.২ মে.হা., ঠাকুরগাঁও ৯২.০ মে.হা.,কুমিল্লা ১০৩.৬ মে.হা., বান্দরবান ১০৪.০ মে.হা., কক্সবাজার এফ.এম ১০০.৮ মে.হা., নওয়াপাড়া, যশোর ১০০.৮ মে.হা.
১৮/১০/২০১৭	বেলা ২টা থেকে খেলা চলাকালীন	২য় ওডিআই পার্ল	ঐ
২২/১০/২০১৭	বেলা ২টা থেকে খেলা চলাকালীন	৩য় ওডিআই ইস্ট লন্ডন	ঐ
২৬/১০/২০১৭	রাত ১০টা থেকে খেলা চলাকালীন	১ম টি-টুয়েন্টি ব্লুমফনটেইন	ঐ
২৯/১০/২০১৭	সন্ধ্যা ৬টা ৩০মি থেকে খেলা চলাকালীন	২য় টি-টুয়েন্টি ইস্ট লন্ডন	ঐ

২। খেলার সময়সূচিতে কোনরূপ পরিবর্তন হলে **পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম** বিসিবি/বাংলাদেশ-দক্ষিণ আফ্রিকা ক্রিকেট সিরিজের আয়োজক কর্তৃপক্ষের সাথে যোগাযোগপূর্বক যথাসময়ে খেলা প্রচার নিশ্চিত করবেন এবং তিনি বা তাঁর প্রতিনিধি সময়সূচি পরিবর্তনের বিষয়ে সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন, সংশ্লিষ্ট সকল আঞ্চলিক পরিচালক ও আঞ্চলিক প্রকৌশলী-কে তাৎক্ষণিকভাবে অবহিত করবেন।

৩। খেলা প্রচারকালীন সংশ্লিষ্ট ট্রান্সমিটারগুলো চালু না থাকলে খেলা শুরুর ১৫ মিনিট পূর্বে চালু হয়ে খেলা প্রচার শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিরে যাবে। **খেলা প্রচারকালীন সংশ্লিষ্ট ফ্রিকোয়েন্সির পূর্ব নির্ধারিত অনুষ্ঠান (বিবিসি ও এনএইচকের অনুষ্ঠান ব্যতীত) বাতিল করা হলো। বিবিসি ও এনএইচকের অনুষ্ঠান চলাকালীন আঞ্চলিক কেন্দ্রসমূহের বিকল্প এফ.এফ ফ্রিকোয়েন্সিতে (যদি থাকে) খেলা প্রচার হবে।**

৪। উল্লিখিত খেলার ধারাবিবরণী সম্প্রচারের জন্য **সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন ও আঞ্চলিক প্রকৌশলী, পুরাতন প্রচার ভবন** প্রয়োজনীয় প্রকৌশলগত বিষয়ে লোকবল ও সমন্বয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং **জাতীয় বেতার ভবনের প্রধান নিয়ন্ত্রণ কক্ষে বা সুবিধাজনক স্থানে ডিস সংযোগসহ ০১ (এক) টি টেলিভিশন মনিটর এবং ইন্টারনেট সুবিধাসহ কম্পিউটার সুবিধা দিয়ে খেলা সম্প্রচার বুথের ব্যবস্থা গ্রহণ করবেন;** তাছাড়া বাংলাদেশ বেতারের সংশ্লিষ্ট সকল কেন্দ্র থেকে একযোগে নিরবিচ্ছিন্নভাবে খেলার ধারাবিবরণী রীলের জন্য সকল প্রকার প্রকৌশল ব্যবস্থা গ্রহণ, সংশ্লিষ্ট আঞ্চলিক প্রকৌশলীগণের সাথে নিবিড়ভাবে যোগাযোগ এবং উল্লেখিত ফ্রিকোয়েন্সিগুলো থেকে খেলা সুষ্ঠুভাবে প্রচার হচ্ছে কিনা-তা মনিটর করে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

৫। উল্লিখিত ম্যাচের ধারাবিবরণী প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, সদর দপ্তর-আঞ্চলিক কেন্দ্রসমূহ (রাঙ্গামাটি কেন্দ্র ব্যতীত) থেকে জাতীয় বেতার ভবন পর্যন্ত (প্রয়োজনে) টেলিফোন লাইন বুক (সংশ্লিষ্ট তারিখ অনুযায়ি) করবেন। আঞ্চলিক কেন্দ্রসমূহ থেকে জাতীয় বেতার ভবন পর্যন্ত সংযুক্ত টেলিফোন লাইনের ব্যয়ভার স্ব স্ব আঞ্চলিক পরিচালক বহন করবেন।

৬। **পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম উক্ত খেলার জন্য স্পন্সর/বিজ্ঞাপন সংগ্রহ করবেন।** এছাড়াও তিনি খেলা সম্প্রচারের সাথে সম্পর্কিত ধারাভাষ্যকারদের বুকিং ও দায়িত্ব প্রদান এবং সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের পূর্বাহ্নে দায়িত্ব অর্পণ করবেন।

৭। খেলা সম্প্রচারে সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য **আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা একজন উপ-আঞ্চলিক পরিচালক/সহকারী পরিচালক-কে সুনির্দিষ্ট দায়িত্ব প্রদানসহ বাণিজ্যিক কার্যক্রমের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে**-কে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।

৮। খেলা সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী-ধারাভাষ্যকারদের খেলা শুরুর ২(দুই) ঘন্টা পূর্বে সংশ্লিষ্ট স্টুডিওতে উপস্থিত থাকবেন।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৯। খেলার ধারাবিবরণী অধিক জনপ্রিয় করার লক্ষ্যে **পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম এবং সংশ্লিষ্ট পরিচালক/আঞ্চলিক পরিচালকগণ স্ব স্ব কেন্দ্রের নিজস্ব ফ্রিকোয়েন্সি উল্লেখপূর্বক প্রমো, ঘোষণা নিজস্ব চ্যানেলে এবং প্রতিটি কেন্দ্রের ফেসবুক পেইজে** ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন।

১০। খেলার ধারাবিবরণী যথাযথভাবে রীলে হচ্ছে কিনা সে বিষয়ে সংশ্লিষ্ট পরিচালক/আঞ্চলিক পরিচালকগণ ও স্টেশন প্রকৌশলী/আঞ্চলিক প্রকৌশলীগণ স্ব স্ব ক্ষেত্রে মনিটরিংপূর্বক সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন ও পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম ঢাকার সাথে প্রয়োজনীয় সমন্বয় করে খেলাগুলো সুষ্ঠুভাবে প্রচার নিশ্চিত করবেন এবং **সংশ্লিষ্ট পরিচালক/আঞ্চলিক পরিচালকগণ খেলা প্রচারের প্রতিবেদন** সদর দপ্তরে প্রেরণ করবেন।

১১। **উল্লিখিত খেলার ধারাবিবরণী যথাযথভাবে প্রচারের জন্য পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম, সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন এবং আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকার নিকট পূর্বাহ্নে খেলা/বিজ্ঞাপনের কিউশিট সরবরাহ নিশ্চিত করবেন।**

১২। উল্লিখিত ক্রিকেট ম্যাচের ওপর প্রতিবেদন জাতীয় ও স্থানীয় সংবাদে প্রচারের জন্য যথাক্রমে পরিচালক, কেন্দ্রীয় বার্তা সংস্থা এবং সংশ্লিষ্ট আঞ্চলিক/উপ-বার্তা নিয়ন্ত্রকগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১৩। **পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম উল্লিখিত টুর্নামেন্ট থেকে বিজ্ঞাপন আয়ের তথ্যাদি ও টুর্নামেন্টের ম্যাচসমূহের প্রচার প্রতিবেদন সদর দপ্তরের অনুষ্ঠান শাখায় টুর্নামেন্ট শেষ হবার ০১ (এক) সপ্তাহের মধ্যে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন।**

১৪। পরিচালক, লিয়াজোঁ, সদর দপ্তর-এ সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

২৭.৯.১৭

(নাসরুল্লাহ মো. ইরফান)
পরিচালক (অনুষ্ঠান)
মহাপরিচালকের পক্ষে
ফোন: ০২-৪৪৮১৩০৭৪।

<u>বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-</u>

১। উপ-মহাপরিচালক, বার্তা/প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশ প্রদানের অনুরোধসহ)।
২। পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা, আগারগাঁও, ঢাকা।
৩। পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম, বাংলাদেশ বেতার, শাহবাগ, ঢাকা/ট্রাফিক সম্প্রচার কার্যক্রম/লিয়াজোঁ, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
৪। সিনিয়র প্রকৌশলী/আবাসিক প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, সদর দপ্তর **(দপ্তর আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)**/জাতীয় বেতার ভবন, আগারগাঁও, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২/৩, সাভার, ঢাকা/ নওয়াপাড়া, যশোর।
৫। আঞ্চলিক পরিচালক/প্রকৌশলী/বার্তা নিয়ন্ত্রক/উপ-বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/রংপুর/সিলেট/বরিশাল/ঠাকুরগাঁও/কুমিল্লা/বান্দরবান/কক্সবাজার/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৪, কালুরঘাট, চট্টগ্রাম।
৬। আঞ্চলিক প্রকৌশলী/স্টেশন প্রকৌশলী, ট্রান্সক্রিপশন সার্ভিস, শাহবাগ, ঢাকা/পুরাতন প্রচার ভবন, শাহবাগ, ঢাকা/নিম্নশক্তি প্রেরণ কেন্দ্র, কল্যাণপুর, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৫, কাহালু, বগুড়া।
৭। উপ-আঞ্চলিক প্রকৌশলী, কেন্দ্রীয় ভাণ্ডার, পাহাড়তলী, চট্টগ্রাম।